**অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে:** 1/30/2025 **গভর্নর ক্যাথি হোকল**

# ব্রঙ্কসে বিনিয়োগ করা: ব্রঙ্কসে ও স্টেটজুড়ে প্রবীণ প্রাপ্তবয়স্ক ব্যক্তিদের জন্য নতুন সেফটি নেট হাসপাতালের অংশীদারিত্ব ও পরিষেবাগুলোর জন্য সহায়তা প্রদান সম্পর্কে গভর্নর হোকল-এর ঘোষণা

***প্রাথমিক অনুমোদন সেন্ট বারনাবাস হাসপাতাল হেলথ সিস্টেম, সিটিব্লক হেলথ, ও ইউনিয়ন কমিউনিটি হেলথ সেন্টারের মধ্যকার অংশীদারিত্বে 142 মিলিয়ন ডলার পর্যন্ত বিনিয়োগ প্রদান করবে***

***সেন্ট বারনাবাস হাসপাতাল হেলথ সিস্টেমের জরুরি বিভাগ আপগ্রেড করা হবে যেখানে প্রতি বছর 75,000 ভিজিট সম্পন্ন হয়ে থাকে***

***সেন্ট বারনাবাস হাসপাতাল হেলথ সিস্টেম স্বাস্থ্যসেবার সুরক্ষা জাল রূপান্তর কর্মসূচির অনুদান পাচ্ছে***

***গভর্নরের নির্বাহী বাজেটে প্রবীণ প্রাপ্তবয়স্ক ব্যক্তিদের জন্য বাড়ি-ভিত্তিক ও কমিউনিটি-ভিত্তিক পরিষেবাগুলোর জন্য 45 মিলিয়ন ডলার বরাদ্দ করার প্রস্তাব করা হয়েছে***

***গভর্নর হোকল সেন্ট বারনাবাস হাসপাতালকে একটি চেক প্রদান করার ছবি গভর্নরের ফ্লিকারে পাওয়া যাবে***

গভর্নর Kathy Hochul (ক্যাথি হোকল) আজ সেন্ট বারনাবাস হাসপাতাল হেলথ সিস্টেম (St. Barnabas Hospital Health System, SBH), সিটিব্লক হেলথ (Cityblock Health) এবং ইউনিয়ন কমিউনিটি হেলথ সেন্টার (Union Community Health Center)-এর মধ্যে একটি নতুন অংশীদারিত্বে স্টেটের বিনিয়োগের কথা ঘোষণা করেছেন। প্রাথমিক অনুমোদন স্বাস্থ্যসেবার সুরক্ষা জাল রূপান্তর কর্মসূচির (Healthcare Safety Net Transformation Program) অংশ, এবং এর মধ্যে ব্রঙ্কসে সর্বোচ্চ 142 মিলিয়ন ডলারের একটি বিনিয়োগ, ব্রঙ্কসের বাসিন্দাদের জন্য এবং আরো বিস্তৃত অঞ্চলের জন্য স্বাস্থ্য ফ্যাসিলিটিগুলোর অত্যন্ত গুরুত্বপূর্ণ পরিষেবাগুলোর স্বীকৃতি অন্তর্ভুক্ত রয়েছে। নিউ ইয়র্কবাসীদের স্বাস্থ্যের উন্নতির জন্য গভর্নর Hochul (হোকল) উল্লেখযোগ্য পদক্ষেপসমূহ গ্রহণ করার পরে আজকের ঘোষণা দেওয়া হলো। 2025 অর্থবছরের জন্য প্রণীত বাজেটে প্রতিষ্ঠিত হওয়া স্বাস্থ্যসেবার সুরক্ষা জাল রূপান্তর কর্মসূচি সুরক্ষা জাল

প্রতিষ্ঠানগুলোর সহনশীলতা উন্নত করার জন্য সুরক্ষা জাল হাসপাতালগুলো এবং স্বাস্থ্যসেবা সংস্থাগুলোর মধ্যকার অংশীদারিত্বের জন্য প্রণোদনা প্রদান করে থাকে।

"কোথায় বসবাস করছেন তা নির্বিশেষে প্রত্যেকে যাতে সাশ্রয়ী ও নির্ভরযোগ্য স্বাস্থ্যসেবার অ্যাক্সেস পায় সে বিষয়টি নিশ্চিত করার জন্য আমি অঙ্গীকারাবদ্ধ," **বলেছেন গভর্নর Kathy Hochul (ক্যাথি হোকল)।** "আমরা আজ যেসব বিনিয়োগ করছি সেগুলো আগামী বছরগুলোতে ব্রঙ্কস কমিউনিটির জন্য অপরিহার্য সংস্থানসমূহের লভ্যতা নিশ্চিত করবে।"

এছাড়াও গভর্নর স্টেটজুড়ে প্রবীণ প্রাপ্তবয়স্ক ব্যক্তিদের জন্য বাড়ি- ও কমিউনিটি-ভিত্তিক পরিষেবাসমূহের জন্য অতিরিক্ত 45 মিলিয়ন ডলার যোগ করার জন্য তার প্রস্তাবের উপরও আলোকপাত করেন, যা প্রবীণ নিউ ইয়র্কবাসীদেরকে তাদের পছন্দের পরিবেশে বেড়ে উঠতে সাহায্য করবে এবং তাদের কেয়ারগিভার ও পরিবারগুলোর কাছে তাদের প্রয়োজন পূরণ করার মতো সংস্থানসমূহ থাকার বিষয়টি নিশ্চিত করবে।

**সেন্ট বারনাবাস হাসপাতাল (St. Barnabas Hospital, SBH) হেলথ সিস্টেম-এর প্রেসিডেন্ট ও CEO Dr. David Perlstein (ড. ডেভিড পার্লস্টেইন) বলেন,** "আমরা UCHC ও সিটিব্লকের সাথে আমাদের অংশীদারিত্ব শক্তিশালী করার প্রত্যাশা রাখি। এই তহবিল আমাদের কমিউনিটির কাছে আমাদের সেবা পৌঁছে দেওয়ার পদ্ধতিতে রূপান্তরমূলক ভূমিকা রাখবে। আমাদের জরুরি বিভাগ হলো প্রায় ক্ষেত্রেই আমাদের সামনের দরজা যেখানে আমরা তাদের সবচেয়ে প্রয়োজনীয় সময়ে আমাদের প্রতিবেশীদেরকে চিকিৎসা প্রদান করে থাকি। এই স্থানকে রূপান্তরিত করাটা আরো বেশি রোগীকে সেবা প্রদান করতে এবং আরো বেশি মর্যাদাপূর্ণ উপায়ে তাদেরকে সেবা প্রদান করতে আমাদেরকে সাহায্য করবে। আমি গভর্নর Kathy Hochul (ক্যাথি হোকল), কমিশনার McDonald (ম্যাক ডোনাল্ড), এবং আমাদের সম্পূর্ণ NYS লেজিসলেটিভ ডেলিগেশনকে এটি সম্পন্ন করার ক্ষেত্রে তাদের সহায়তা, অঙ্গীকারাবদ্ধতা ও নেতৃত্বের জন্য ধন্যবাদ জানাতে চাই।"

**সিটিব্লক হেলথ-এর CEO ও সহ-প্রতিষ্ঠাতা Dr. Toyin Ajayi (ড. টোয়িন আজায়ি) বলেন,** "আস্থা, সহমর্মীতা, ও বোধগম্যতার ভিত্তিতে আমূল পরিবর্তন ঘটানো স্বাস্থ্যসেবা প্রদান করার জন্য সিটিব্লক-এর মিশন এখানে নিউ ইয়র্ক সিটির কমিউনিটিগুলোতে শুরু হয়েছে। আমাদের মিশন – সেবার অ্যাক্সেস উন্নত করা, সেবার মান উন্নত করা, এবং যাদের সবচেয়ে বেশি প্রয়োজন তাদের জন্য উন্নত ফলাফল নিয়ে আসা, এসব বিষয়ের সাথে সঙ্গতিপূর্ণ এই রূপান্তরমূলক কর্মসূচি চালু করার জন্য আমরা গভর্নর Hochul (হোকল)-এর প্রশংসা করি। সেন্ট বারনাবাস হাসপাতালের সাথে আমাদের সহযোগিতার সম্পর্কের মাধ্যমে আমরা যে ব্রঙ্কস কমিউনিটিকে সেবা প্রদান করে থাকি সেটি জরুরি বিভাগের পাশাপাশি অত্যন্ত গুরুত্বপূর্ণ আচরণগত স্বাস্থ্য ও সেবা ব্যবস্থাপনার পরিষেবাগুলোতে স্টেটের বিনিয়োগ থেকে দারুণভাবে উপকৃত হবে। নিউ ইয়র্ক স্টেটের স্বাস্থ্য বিভাগের (Department of Health) সহায়তায়, সিটিব্লক ও সেন্ট বারনাবাস ব্রঙ্কসের হাজার হাজার অধিবাসীর জন্য স্বাস্থ্য সংক্রান্ত ফলাফল উন্নত করার প্রতি মনোযোগ দিতে সক্ষম হবে।"

**ইউনিয়ন কমিউনিটি হেলথ সেন্টারের প্রেসিডেন্ট ও চিফ এক্সিকিউটিভ অফিসার Douglas L. York (ডগলাস এল. ইয়র্ক), Ph.D., M.P.H. বলেন,** "ইউনিয়ন কমিউনিটি হেলথ সেন্টার (Union Community Health Center, UNION) গভর্নর Hochul (হোকল)-এর প্রতি গভীর কৃতজ্ঞতা ও ধন্যবাদ জানাচ্ছে এবং ব্রঙ্কসে ও নিউ ইয়র্ক স্টেট জুড়ে স্বাস্থ্যসেবার অ্যাক্সেস জোরদার করার জন্য তার অঙ্গীকারাবদ্ধতার প্রশংসা করছে। UNION-এ এই বিনিয়োগ আমাদের সবচেয়ে ঝুঁকিপূর্ণ জনগোষ্ঠীর কাছে উচ্চ-মানসম্মত, কমিউনিটি ভিত্তিক সেবা পৌঁছে দেওয়ার ক্ষেত্রে সরকারি-বেসরকারি অংশীদারিত্বের অত্যন্ত গুরুত্বপূর্ণ ভূমিকাকে স্বীকৃতি দিয়েছে। সিটিব্লক হেলথ-এর মতো সঙ্গতিপূর্ণ মিশনের বেসরকারি সংস্থাগুলোর পাশাপাশি UNION ও SBH হেলথ সিস্টেমের মতো সুরক্ষা জাল সেবা প্রদানকারীদেরকে সহায়তা করার মাধ্যমে, নিউ ইয়র্ক স্টেট সামনের সারির প্রাথমিক সেবা যাতে আমাদের স্বাস্থ্যসেবা ব্যবস্থার একটি স্তম্ভ হিসেবে বিদ্যমান থাকে সে বিষয়টি নিশ্চিত করছে। কমিউনিটি হেলথ সেন্টারগুলো একটি আস্থাভাজন সংস্থান হিসেবে কাজ করে, স্বাস্থ্যের সামাজিক চালিকাশক্তিগুলোকে মোকাবেলা করে এবং রোগীদেরকে সুস্থ রাখে, তাদের সেবায় সম্পৃক্ত থাকে, এবং ব্যয়বহুল জটিলতা কমায় এমন প্রতিরোধমূলক পরিষেবাগুলো অ্যাক্সেস করে এবং দীর্ঘমেয়াদী স্বাস্থ্যের ফলাফল উন্নত করে। ঋণ পরিশোধ করা UNION-কে অতিপ্রয়োজনীয় প্রাথমিক সেবায় এবং বিশেষায়িত পরিষেবাগুলোতে উল্লেখযোগ্য বিনিয়োগ করার মাধ্যমে অ্যাক্সেস সম্প্রসারণ করার এবং আমরা যেসব কমিউনিটিকে সেবা প্রদান করি তাদের জন্য সেবার মান উন্নত করার সুযোগ দেয়। ইউনিয়ন কমিউনিটি হেলথ সেন্টার এই উদ্যোগকে এগিয়ে নিয়ে যাওয়া এবং সবার জন্য সমতাপূর্ণ, সমন্বিত স্বাস্থ্যসেবার অ্যাক্সেস সম্প্রসারণ করার জন্য আমাদের অংশীদারদের সাথে কাজ করে যাওয়ার প্রত্যাশা রাখে।"

**নিউ ইয়র্ক স্টেটের স্বাস্থ্য কমিশনার Dr. James McDonald (ড. জেমস ম্যাকডোনাল্ড) বলেন,** "সেন্ট বারনাবাস হাসপাতাল ছিল স্বাস্থ্য কমিশনার হিসেবে আমার ভিজিট করা প্রথম হাসপাতাল, এবং এই হাসপাতাল ব্রঙ্কসের অধিবাসীদের জন্য অত্যন্ত গুরুত্বপূর্ণ পরিষেবাগুলো প্রদান করা ও সেগুলো উন্নত করা অব্যাহত রেখেছে দেখে আমি গর্বিত। ঝুঁকিপূর্ণ কমিউনিটিগুলোর জন্য অপরিহার্য পরিষেবাসমূহ প্রদান করা এবং সব নিউ ইয়র্কবাসীর স্বাস্থ্য উন্নত করার জন্য তার অবিচল অঙ্গীকারাবদ্ধতার জন্য আমি গভর্নর Hochul (হোকল)-কে ধন্যবাদ জানাই।"

**নিউ ইয়র্ক স্টেটের অফিস ফর দ্য এজিং (Office for the Aging)-এর ডিরেক্টর Greg Olsen (গ্রেগ ওলসেন) বলেন,** "গভর্নর Hochul (হোকল) ব্রঙ্কসের ও স্টেটজুড়ে কমিউনিটিগুলোতে প্রবীণ প্রাপ্তবয়স্ক ব্যক্তিদের অসামান্য অবদান স্বীকার করেন। গভর্নরের বাজেটে এবং স্টেট অব দ্যা স্টেট ভাষণের এজেন্ডায় বয়স বৃদ্ধির সাথে সাথে আমরা যা কামনা করি: আমাদের পছন্দের কমিউনিটিতে স্বনির্ভরভাবে বসবাস করা, সেটা অর্জন করতে ব্যক্তিদেরকে সাহায্য করার জন্য কমিউনিটি ভিত্তিক পরিষেবাগুলোর জন্য ঐতিহাসিক অর্থায়ন বৃদ্ধিকে এগিয়ে নেওয়া হয়েছে। প্রবীণ প্রাপ্তবয়স্ক ব্যক্তিদের ও সব বয়সের ব্যক্তিদের সফল হওয়ার জন্য নতুন সুযোগ-সুবিধা সৃষ্টি করবে এমন সুলভতা, নিরাপত্তা, ও স্বাস্থ্য সংক্রান্ত পদক্ষেপসমূহের সাথে সম্মিলিতভাবে এসব বিনিয়োগ প্রদান করা হচ্ছে।"

**SBH হেলথ সিস্টেম, সিটিব্লক হেলথ এবং ইউনিয়ন কমিউনিটি হেলথ সেন্টার**

সিটিব্লক হেলথ এবং ইউনিয়ন কমিউনিটি হেলথ সেন্টারের সঙ্গে অংশীদারিত্বের মাধ্যমে, SBH হেলথ সিস্টেম স্বাস্থ্য সংক্রান্ত ফলাফল উন্নত করবে এবং জরুরি বিভাগে অপ্রয়োজনীয় ভিজিট কমিয়ে আনবে, এবং একইসাথে ব্রঙ্কস কমিউনিটিকে স্থানীয় আচরণগত স্বাস্থ্য পরিষেবার আরো ভালো অ্যাক্সেস প্রদান করতে সাহায্য করবে। পরিকল্পনার মধ্যে আছে একটি মূল্যভিত্তিক পার্টনারশিপ শুরু করা যাতে আনুমানিক 35,000 Healthfirst সদস্যের জটিল স্বাস্থ্য চাহিদার ব্যবস্থাপনা করা যায়, যাদের 50 শতাংশের বিহেভিওরাল হেলথ চাহিদা আছে। এই প্রকল্পের মধ্যে সেন্ট বারনাবাস-এর জরুরি বিভাগ আপগ্রেড করা অন্তর্ভুক্ত থাকবে, যেখানে বর্তমানে বার্ষিকভাবে মাত্র 55,000 ভিজিট হওয়ার মতো সুযোগ-সুবিধা রেখে ডিজাইন করা একটি স্থানে প্রতি বছর 75,000 ভিজিট দেখা যাচ্ছে।

**স্বাস্থ্যসেবার সুরক্ষা জাল রূপান্তর কর্মসূচির অনুদান**
গভর্নর Hochul (হোকল) 2025 সালের নির্বাহী বাজেটে স্বাস্থ্যসেবার সুরক্ষা জাল রূপান্তর কর্মসূচি প্রতিষ্ঠা করেছেন এবং তার 2025 সালের স্টেট অব দ্য স্টেট ভাষণে এই কর্মসূচির জন্য অতিরিক্ত অর্থায়ন ঘোষণা করেছেন। এই কর্মসূচির মাধ্যমে, নিউ ইয়র্ক সুরক্ষা জাল হাসপাতালগুলো এবং স্বাস্থ্যসেবা অংশীদারদের মধ্যকার অংশীদারিত্বকে উৎসাহিত করছে, যা আবশ্যক নিয়ন্ত্রণ সংক্রান্ত নমনীয়তার পাশাপাশি কৌশলগত মূলধন ও কার্যপরিচালনা সংক্রান্ত সহায়তা প্রদান করার মাধ্যমে সুরক্ষা জাল প্রতিষ্ঠানগুলোর সহনশীলতাকে উন্নত করবে।

**প্রবীণ প্রাপ্তবয়স্ক ব্যক্তিদের জন্য বাড়ি-ভিত্তিক ও কমিউনিটি-ভিত্তিক পরিষেবাসমূহের জন্য তহবিল সম্প্রসারণ করা**
গভর্নর Hochul (হোকল)-এর 2026 অর্থবছরের নির্বাহী বাজেটে প্রবীণ প্রাপ্তবয়স্ক ব্যক্তিদের জন্য বাড়ি-ভিত্তিক ও কমিউনিটি-ভিত্তিক চিকিৎসা বহির্ভূত পরিষেবাসমূহ প্রদান করার জন্য 45 মিলিয়ন ডলারের তহবিল প্রদান করা হয়েছে, যা নিউ ইয়র্ক স্টেটের ইতিহাসে কমিউনিটি-ভিত্তিক এজিং সার্ভিসে সর্ববৃহৎ বিনিয়োগ। এই তহবিল আরো বেশি প্রবীণ প্রাপ্তবয়স্ক ব্যক্তিকে তাদের পছন্দের পরিবেশে বেড়ে উঠতে সাহায্য করবে, এবং তারা যে পরিবার ও কেয়ারগিভারদের উপর নির্ভর করেন তাদেরকে সংস্থানসমূহ প্রদান করবে। এছাড়া আহার পৌঁছে দেওয়া, ব্যক্তিগত পরিচর্যা ও কেস ব্যবস্থাপনার মতো বাড়িতে প্রদান করা পরিষেবাগুলোর ক্ষেত্রে অনেক প্রবীণ প্রাপ্তবয়স্ক ব্যক্তি যে অপেক্ষার তালিকার সম্মুখীন হন সে বিষয়টি প্রশমিত করতেও এটি সাহায্য করবে।

**স্টেট সিনেটর Luis R. Sepúlveda (লুইস আর. সেপালভেডা) বলেন,** "সব নিউ ইয়র্কবাসীর, বিশেষ করে ব্রঙ্কসের মতো সুবিধাবঞ্চিত কমিউনিটিগুলোর লোকজনের স্বাস্থ্য ও সুস্থতা উন্নত করার প্রতি তার অবিচল অঙ্গীকারাবদ্ধতার জন্য গভর্নর Kathy Hochul (ক্যাথি হোকল)-এর প্রতি আমি গভীরতম কৃতজ্ঞতা প্রকাশ করতে চাই। সুরক্ষা জাল রূপান্তর উদ্যোগের জন্য SBH-এর নির্বাচিত হওয়া নিশ্চিত করতে গভর্নরের সাথে কাজ করতে পেরে আমি গর্বিত বোধ করেছি। এই অত্যন্ত গুরুত্বপূর্ণ উদ্যোগের মাধ্যমে, এবং সিটিব্লক হেলথ ও ইউনিয়ন কমিউনিটি হেলথ সেন্টারের সাথে অংশীদারিত্বের মাধ্যমে, SBH অত্যন্ত গুরুত্বপূর্ণ বিনিয়োগ পাবে যা আমাদের কমিউনিটির জন্য সেবাকে উল্লেখযোগ্যভাবে উন্নত করবে। এসব উন্নয়ন, যার মধ্যে জরুরি বিভাগ আপগ্রেড করা অন্তর্ভুক্ত রয়েছে, নিজেদের স্বাস্থ্যসেবার চাহিদা পূরণের জন্য SBH-এর উপর নির্ভর করা ব্রঙ্কসের হাজার হাজার অধিবাসীর উপর একটি প্রত্যক্ষ ও ইতিবাচক

প্রভাব ফেলবে। এসব উদ্যোগ ব্রঙ্কসে এবং এর বাইরেও যেসব ইতিবাচক পরিবর্তন নিয়ে আসবে আমি সেগুলো দেখার জন্য অধীর আগ্রহ নিয়ে অপেক্ষা করছি।"

**অ্যাসেম্বলি সদস্য Yudelka Tapia (ইউডেলকা টাপিয়া) বলেন,** "সুরক্ষা জাল রূপান্তর কর্মসূচির অনুদানের মাধ্যমে সেন্ট বারনাবাস হাসপাতালে 140 মিলিয়ন ডলারেরও বেশি বরাদ্দ করার জন্য আমি গভর্নর Hochul (হোকল)-কে সাধুবাদ জানাই। এই তহবিল SBH-এর জরুরি কক্ষের রূপান্তরমূলক উন্নয়ন করবে এবং অন্যান্য কমিউনিটি সংস্থাগুলোর সাথে অংশীদারিত্ব সম্প্রসারণ করবে। ব্রঙ্কসের অধিবাসীরা এসব বিনিয়োগের মাধ্যমে আরো বেশি উচ্চ-মানসম্মত স্বাস্থ্যসেবা পরিষেবা অ্যাক্সেস করতে সক্ষম হবেন।"

**অ্যাসেম্বলি সদস্য John Zaccaro, Jr. (জন জ্যাকারো, জুনিয়র) (AD-80) বলেন,** "গভর্নর Hochul (হোকল)-এর আজকের ঘোষণা আমাদের ব্রঙ্কস কমিউনিটির স্বাস্থ্য উল্লেখযোগ্য মাত্রায় উন্নত করা এবং আমাদের প্রবীণদেরকে নিজেকের পছন্দের পরিবেশে সাবলীলভাবে ও মর্যাদাপূর্ণ উপায়ে বেড়ে উঠার সুযোগ দেওয়ার জন্য একটি দীর্ঘ লড়াইয়ের সূচনাকে নির্দেশ করছে। ভবিষ্যত প্রজন্ম যাতে আরো স্বাস্থ্যকর জীবনযাপন করতে পারে এবং আমাদের প্রিয় প্রবীণ জনগোষ্ঠী ও তাদের কেয়ারগিভাররা যাতে তাদের প্রাপ্য সংস্থানগুলো পান সে বিষয়টি নিশ্চিত করার জন্য প্রায় ক্ষেত্রেই ভুলে যাওয়া কমিউনিটিতে বিনিয়োগ করার জন্য আমি গভর্নরকে ধন্যবাদ জানাতে চাই।"

**1199SEIU ইউনাইটেড হেলথকেয়ার ওয়ার্কার্স ইস্ট (1199SEIU United Healthcare Workers East)-এর প্রেসিডেন্ট George Gresham (জর্জ গ্রেশাম) বলেন,** "আমাদের সুরক্ষা জাল হাসপাতাল, হোম কেয়ার ও কমিউনিটি ভিত্তিক পরিষেবাগুলোতে বিনিয়োগ করা স্বাস্থ্যসেবার অসমতা কমিয়ে আনা এবং প্রত্যেক বয়সের নিউ ইয়র্কবাসীদের সুস্থতার ক্ষেত্রে সহায়তা করার জন্য অত্যন্ত গুরুত্বপূর্ণ। 1199SEIU-এর কেয়ারগিভাররা এই উদ্যোগের জন্য গভর্নর Hochul (হোকল)-কে সাধুবাদ জানায়, যেটি ব্রঙ্কসের অধিবাসীদের চাহিদাগুলো পূরণ করার জন্য অত্যন্ত গুরুত্বপূর্ণ তহবিল নিয়ে আসবে।"

এসব বিনিয়োগ গভর্নরের মাস্টার প্ল্যান ফর এজিং (Master Plan for Aging, MPA) উন্নয়ন করার জন্য স্টেট ও স্টেকহোল্ডারদের দ্বারা চলমান কাজের পরিপূরক হিসেবে কাজ করছে, যেটি বর্তমানের প্রবীণ নিউ ইয়র্কবাসীদের ও প্রতিবন্ধী ব্যক্তিদের জীবনকে উন্নত করা, এবং ভবিষ্যতের জন্য সেবার একটি উন্নত ব্যবস্থা ও আরো বেশি অন্তর্ভুক্তিমূলক কমিউনিটি গড়ে তোলার লক্ষ্য নিয়ে 2022 সালের নভেম্বর মাসে গভর্নর Kathy Hochul (ক্যাথি হোকল) নির্বাহী আদেশ 23-এর মাধ্যমে প্রতিষ্ঠা করেছিলেন।

###

আরো সংবাদ পাওয়া যাবে এখানে www.governor.ny.gov -এ
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418
গভর্নরের অফিস থেকে আপডেট পেতে সাইন-আপ করুন: ny.gov/signup | NEW YORK লিখে 81336 নম্বরে টেক্সট পাঠান

আনসাবস্ক্রাইব করুন